NOV. 15 2002

# মাঠ পর্যায়ে ছাত্রদলের পুনগঠন প্রক্রিয়া প্রায় সম্পন্ন

## বিএনপির ১০টি অঙ্গদলে পুনর্গঠন অচিরেই

আনোয়ার আলদীন ॥ বিএনপির প্রধান অঙ্গ-সংগঠন ছাত্রদলকে সম্পূর্ণ গঠনতান্ত্রিক পদ্ধতিতে মাঠ পর্যায় থেকে গতিশীল ও সুসংগঠিত করার প্রক্রিয়া প্রায় সম্পন্ন হয়েছে। দায়িত্বশীল নেতাদের খেয়াল-খুশির চক্রাবর্তে নয়, সম্মেলনে স্থানীয় নেতা-কর্মীদের সরাসরি ভোটাভুটির মাধ্যমে ছাত্রদলের ৭৯টি জেলা শাখা কমিটির পুনঃগঠন আসন্ন বিজয় দিবসের (১৬ ডিসেম্বর) শুভ লগনের মধ্যেই শেষ হচ্ছে। ইতিমধ্যে খুলনা, বরিশাল এবং সিলেট বিভাগের প্রতিটি জেলা (৫ম পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

...ডিস বৃহস্পতিবার ঢাকার গুলশান-২ এ ...প্রাগ্রাম ষ্টোর উদ্বোধন করেন। কোম্পানীর ...দার, হোলপ্লেন সার্ভিসেস ম্যানেজার হাবিবুর ...এ-সময় উপস্থিত ছিলেন

## ছাত্রদলের পুনর্গঠন

(৩য় পৃঃ পর)

কমিটি সম্মেলনের মাধ্যমে পুনঃগঠিত হয়েছে। ঢাকা, রাজশাহী এবং চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জেলা কমিটিও পুনঃগঠিত হয়েছে। খুলনা বিভাগে বাকী একমাত্র মহানগর কমিটি অচিরে হবে। গত ১৬ অক্টোবর সীমান্তবর্তী লালমনিরহাট জেলা সম্মেলনের মধ্য দিয়ে সম্পূর্ণ নতুন আঙ্গীকে ছাত্রদল পুনঃগঠন কার্যক্রম সূচিত হয়। জানা যায়, বিএনপি সরকার ক্ষমতায় আসার পর ছাত্র রাজনীতি রাখা না রাখা নিয়ে কিছুদিন সিদ্ধান্তহীনতায় ছিল। এ সময় অভিভাবক মহল ও সুশীল সমাজের পক্ষ থেকে প্রচলিত ধারার ছাত্র রাজনীতি বন্ধের জন্য সরকারের ওপর প্রচন্ড চাপ সৃষ্টি করা হয়। সেমত প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া প্রচলিত ধারার ছাত্র রাজনীতি বন্ধে একমত হতে বিরোধী দলসহ অন্যান্য রাজনৈতিক দলের প্রতি আহ্বান জানান। কিন্তু আওয়ামী লীগসহ কয়েকটি বামদল ছাত্র রাজনীতির বিপক্ষে অবস্থান নিয়ে বিভিন্ন কর্মসূচী পালন করতে থাকে। এক পর্যায়ে বিএনপি হাইকমান্ড স্থগিত থাকা ছাত্রদলের কার্যক্রম সক্রিয় করতে নতুন আহ্বায়ক কমিটি গঠন করেন। বিএনপির ১নং যুগ্ম মহাসচিব তারেক রহমান ছাত্রদলকে মাঠ পর্যায় থেকে অছাত্রমুক্ত করে যুগোপযোগী ও গতিশীল করতে উদ্যোগ নেন। ছাত্রদলের সাবেক ও বর্তমান কেন্দ্রীয় নেতাদের সমন্বয়ে ...

সারাদেশে কর্মীসভা ও পর্যবেক্ষণ শেষ করার প... তারেক রহমানের তত্ত্বাবধানে ১৬ অক্টোবর থেকে সম্মেলনের মাধ্যমে কমিটি গঠন প্রক্রিয়া শুরু হয়। এই জেলা কমিটি পুনঃগঠন শেষ হওয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ও কেন্দ্রীয় কমিটি গঠন করা হবে। নতুন কমিটি ১ জানুয়ারী ঘটা করে পালন করবে দলের প্রতিষ্ঠা বার্ষিকী। ইতিমধ্যে সারাদেশে নতুন কমিটির মাধ্যমে ছাত্রদলের এসেছে নতুন উদ্যোম-নবজাগরণ।

এদিকে জানা গেছে, ছাত্রদলের পুনঃগঠন কার্যক্রম শেষ হলেই যুবদল পুনঃগঠন শুরু হবে। পর্যায়ক্রমে বিএনপির অন্যান্য অঙ্গ-সংগঠনগুলোও পুনর্গঠিত হবে। বিএনপির ১১টি অঙ্গ দলের সবগুলোই মেয়াদ উত্তীর্ণ কমিটির মাধ্যমে চলছে। যুবদলের বর্তমান নেতৃত্বই দুই দশক ধরে নেতৃত্ব দিয়ে আসছেন। ১৯৯৯ সালে যুবদলসহ কয়েকটি অঙ্গ দলের পুনঃগঠনের সিদ্ধান্ত নেয়া হলেও সরকারবিরোধী আন্দোলন ব্যস্ততায় তা শেষাবধি সম্ভব হয়নি।